৫৫৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
পরিকল্পনা-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mowca.gov.bd

**বিষয়ঃ ২০২৪-২৫ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী**

---

| | |
|---|---|
| সভাপতি | মমতাজ আহমেদ এনডিসি<br>সিনিয়র সচিব<br>মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় |
| তারিখ ও সময় | ২৭ জুলাই ২০২৫, বিকাল ৩.০০ টা। |
| স্থান | মন্ত্রণালয়ের সভাকক্ষ । |
| উপস্থিতি | পরিশিষ্ট-‘ক’ |

---

১.০ সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি উপসচিব (পরিকল্পনা-১)-কে সভা সঞ্চালনার আহবান জানান। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (পরিকল্পনা-১) সভার আলোচ্যসূচি অনুযায়ী ২০২৪-২৫ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে বিস্তারিত বিবরণ (পরিশিষ্ট-খ) উপস্থাপন করেন।

**২.০ আলোচনা**

২.১ উপসচিব (পরিকল্পনা-১) বলেন, ২০২৪-২৫ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে মন্ত্রণালয়ের অধীনে মোট ১৬টি প্রকল্প বাস্তবায়নাধীন আছে। সকল প্রকল্পের অনুকূলে এডিপিতে মোট ৬৮১২৩.০০ লক্ষ টাকা (জিওবি- ৫৫০৪৯.০০ লক্ষ টাকা এবং প্রকল্প সহায়তা ১৩০৭৪.০০ লক্ষ টাকা) বরাদ্দ আছে। সকল প্রকল্পের অনুকূলে আরএডিপিতে মোট ৭৩৩৬৩.০০ লক্ষ টাকা (জিওবি- ৫৪৮৪২.০০ লক্ষ টাকা এবং প্রকল্প সহায়তা ১৮৫২১.০০ লক্ষ টাকা) বরাদ্দ আছে। বরাদ্দের বিপরীতে জুন ২০২৫ পর্যন্ত মোট ৫৮৩০৯.৪৩ লক্ষ টাকা (জিওবি- ৪৯১৪৪.২১ লক্ষ টাকা এবং প্রকল্প সহায়তা ৯১৬৫.২২ লক্ষ টাকা) অবমুক্ত করা হয়েছে, যা মোট বরাদ্দের ৭৯.৪৮% এবং ব্যয় হয়েছে মোট ৪৭২৬৭.৬৬ লক্ষ টাকা (জিওবি- ৪১৫৩৮.৯৭ লক্ষ টাকা এবং প্রকল্প সহায়তা ৫৭২৮.৬৯ লক্ষ টাকা), যা মোট বরাদ্দের ৬৪.৪৩%। সভাকে জানানো হয় যে, ২০২৪-২৫ অর্থবছরের আরএডিপি বাস্তবায়নের জাতীয় গড় ৬৭.৮৫%।

২.২ তিনি আরও অবহিত করেন যে, সর্বমোট বরাদ্দের মধ্যে মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়নাধীন ৫টি প্রকল্পের অনুকূলে ২০২৪-২৫ অর্থবছরের আরএডিপিতে মোট বরাদ্দ ১১৩২৬.০০ লক্ষ টাকা এবং জুন, ২০২৫ পর্যন্ত মোট ব্যয় হয়েছে ২৫৪২.০৩ লক্ষ টাকা, যা মোট বরাদ্দের ২২.৪৪%। মহিলা বিষয়ক অধিদপ্তরের বাস্তবায়নাধীন ৭টি প্রকল্পের অনুকূলে ২০২৪-২৫ অর্থবছরের আরএডিপিতে মোট বরাদ্দ ২৩৫৯৯.০০ লক্ষ টাকা। এ অর্থবছরের জুন, ২০২৫ পর্যন্ত মোট ব্যয় হয়েছে ১৬০৯৩.১০ লক্ষ টাকা, যা বরাদ্দের ৬৮.১৯%। জাতীয় মহিলা সংস্থা কর্তৃক বাস্তবায়নাধীন ২টি প্রকল্পের অনুকূলে ২০২৪-২৫ অর্থবছরের আরএডিপিতে মোট বরাদ্দ ২১২০৯.০০ লক্ষ টাকা এবং জুন, ২০২৫ পর্যন্ত ০২টি প্রকল্পের অনুকূলে ব্যয় হয়েছে ১৭০৩৪.৩৬ লক্ষ টাকা, যা মোট বরাদ্দের ৮০.৩২%। বাংলাদেশ শিশু একাডেমি কর্তৃক বাস্তবায়নাধীন ১টি প্রকল্পের অনুকূলে ২০২৪-২৫ অর্থবছরের আরএডিপিতে মোট বরাদ্দ ৮৩২২.০০ লক্ষ টাকা এবং জুন ২০২৫ পর্যন্ত মোট ব্যয় হয়েছে ৭৬৭৬.৯৫ লক্ষ টাকা, যা মোট বরাদ্দের ৯২.২৫%। জয়িতা ফাউন্ডেশন কর্তৃক বাস্তবায়নাধীন ১টি প্রকল্পের অনুকূলে ২০২৪-২৫ অর্থবছরের আরএডিপিতে মোট বরাদ্দ ৮৯০৭.০০ লক্ষ টাকা এবং জুন ২০২৫ পর্যন্ত ব্যয় হয়েছে ৩৯২১.২২ লক্ষ টাকা, যা মোট বরাদ্দের ৪৪.০২%। চলমান অর্থবছরের আরএডিপিতে

মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়নাধীন মোট ১৬টি প্রকল্পের মধ্যে ০২টি প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি শূন্য এবং ৪টি প্রকল্প এ অর্থ বছরে সমাপ্তির জন্য নির্ধারিত রয়েছে।

০.৩ অত:পর বিস্তারিত প্রকল্পওয়ারী আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

**(ক) মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্পসমূহ:**

| ক্রঃ নং | প্রকল্পের নাম, প্রাক্কলিত ব্যয় ও বাস্তবায়নকাল | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ/দপ্তর |
|---|---|---|---|---|
| ১. | এক্সিলারেটিং প্রোটেকশান ফর চিলড্রেন (এপিসি) (১ম সংশোধিত)<br>(১) প্রাক্কলিত ব্যয়ঃ মোট ২১৩২৩.৪৭লক্ষ টাকা (জিওবি-৬৫৫.০০ লক্ষ টাকা ও প্রকল্প সাহায্য- ২০৬৬৮.৪৭ লক্ষ টাকা, UNICEF)<br>(২) মেয়াদঃ ০১/০৭/২০১৭-৩১/১২/২০২৪ | প্রকল্প পর্যালোচনায় দেখা যায়, আলোচ্য প্রকল্পটি ৩১ ডিসেম্বর ২০২৪ তারিখে সমাপ্ত হয়েছে। প্রকল্পের সমাপ্ত প্রতিবেদন (PCR) বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগে প্রেরণ করা হয়েছে। | ১. পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ করে PCR সংক্রান্ত প্রতিবেদন সংগ্রহ করতে হবে। | ১. পরিকল্পনা -২ শাখা, মশিবিম।<br>২. প্রকল্প পরিচালক। |
| ২. | Prevention of Violence and Harmful Practices against (PVHP) Children and Women in Bangladesh<br>(১) প্রাক্কলিত ব্যয়ঃ ১৭০৩৪.৪৬ লক্ষ টাকা (জিওবি-৩৯৯৯.৫৯ লক্ষ টাকা ও প্রকল্প সাহায্য-১৩,০৩৪.৮৮ লক্ষ টাকা, UNICEF)<br>(২) মেয়াদঃ ০১-০৪-২০২৫ থেকে ৩১-০৩-২০২৯ | প্রকল্পটি নতুন অনুমোদিত হওয়ায় ২০২৪-২৫ অর্থবছরের আরএডিপিতে বরাদ্দ নেই। এজন্য আর্থিক অগ্রগতি না থাকলেও প্রকল্পের জনবল নিয়োগের কার্যক্রম চলমান।<br>প্রকল্পের অনুকূলে বরাদ্দ প্রাপ্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। | ১. প্রকল্পের জনবল নিয়োগের কার্যক্রম ত্বরান্বিত করতে হবে।<br>২. প্রকল্পের অনুকূলে বরাদ্দ প্রাপ্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. উন্নয়ন, পরিকল্পনা ও পরিসংখ্যান অনুবিভাগ, মশিবিম।<br>২. প্রকল্প পরিচালক। |
| ৩. | Inclusive Services and Opportunities for Human Capital Development and Livelihood project (ISO)<br>(১) প্রাক্কলিত ব্যয়ঃ ৩৮৬৪৪.৫০ লক্ষ টাকা (জিওবি- ৩১৯.৫০ লক্ষ টাকা ও প্রকল্প সাহায্য ৩৮৩২৫.০০ লক্ষ টাকা, বিশ্ব ব্যাংক)।<br>(২) মেয়াদঃ ০১/০৭/২০২৪-৩০/০৬/২০২৮ | প্রকল্প পরিচালক জানান, প্রকল্পের অনুকূলে ২০২৪-২৫ অর্থবছরের আরএডিপিতে ৬৫৬৬.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। তবে ৩০ জুন, ২০২৫ পর্যন্ত ২.৫৬ লক্ষ টাকা ব্যয় হয়েছে, যা মোট বরাদ্দের ০.০৪%।<br>প্রকল্প পরিচালক আরো জানান যে, প্রকল্পের অর্থ ছাড় দেরিতে হওয়ায় প্রকল্পের কার্যক্রম, পরামর্শক ও জনবল নিয়োগ বিলম্ব হয়েছে। ফলে ২০২৪-২৫ অর্থবছরে প্রকল্পের অগ্রগতি কম।<br>তিনি আরো জানান যে, জিবিভি এর সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাদের ট্রেনিং আগামী ১৭/০৮/২০২৫ তারিখ হতে শুরু হবে এবং | ১. প্রকল্পের অর্থ ছাড়ের ব্যবস্থা গ্রহণ এবং প্রশিক্ষণ কার্যক্রম দ্রুত ত্বরান্বিত করতে হবে। | ১. উন্নয়ন, পরিকল্পনা ও পরিসংখ্যান অনুবিভাগ, মশিবিম।<br>২. প্রকল্প পরিচালক। |

| ক্রঃ নং | প্রকল্পের নাম, প্রাক্কলিত ব্যয় ও বাস্তবায়নকাল | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ/দপ্তর |
|---|---|---|---|---|
| | | ঢাকা বেইজড মিশন শুরু হবে আগামী ১০/০৮/২০২৫ তারিখ। | | |
| ৪. | Supporting Implementation of the mother and Child Benefit Programme (SIMCBP)<br>(১) প্রাক্কলিত ব্যয়ঃ ১০৬০৩.৯১ লক্ষ টাকা (জিওবি- ১৮৬৩.৯১ লক্ষ টাকা ও প্রকল্প সাহায্য ৮৭৪০.০০ লক্ষ টাকা, বিশ্ব ব্যাংক)।<br>(২) মেয়াদঃ ০১/১০/২০২৩-৩১/১২/২০২৮ | সভায় জানানো হয় যে, প্রকল্পের অনুকূলে ২০২৪-২৫ অর্থবছরের আরএডিপিতে ২৫২৩.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। ৩০ জুন, ২০২৫ পর্যন্ত ৪৭২.৪০ লক্ষ টাকা ব্যয় হয়েছে, যা মোট বরাদ্দের ১৮.৭২%।<br>প্রকল্প পরিচালক জানান যে, গত বছরের শেষে প্রকল্পের কার্যক্রম শুরু হয়েছে। ইতোমধ্যে ০৭ জন কনস্যালটেন্ট নিয়োগ করা হয়েছে। কনস্যালটেন্ট ফার্ম নিয়োগ এর জন্য টেন্ডার আহবান করা হয়েছে, মূল্যায়নের কাজ চলমান আছে। ৪৭৫ টি উপজেলায় প্রশিক্ষণ শেষ করা হয়েছে, সিটি কর্পোরেশন ও পৌরসভার প্রশিক্ষণের কাজ চলমান আছে। ইতোমধ্যে প্রকল্পের অনুকূলে ২টি Performance Based Condition (PBC) অর্জিত হয়েছে। | ১. প্রকল্পের কর্মপরিকল্পনা ও বার্ষিক ক্রয়পরিকল্পনা অনুযায়ী প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। | ১. উন্নয়ন, পরিকল্পনা ও পরিসংখ্যান অনুবিভাগ, মশিবিম।<br>২. প্রকল্প পরিচালক। |
| ৫. | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের ভবিষ্যৎ কর্মপন্থা নির্ধারণের লক্ষ্যে সার্ভে ও সম্ভাব্যতা সমীক্ষা প্রকল্প<br>(১) প্রাক্কলিত ব্যয়ঃ মোট ৫০০.০০ লক্ষ টাকা (সম্পূর্ণ জিওবি)<br>(২) মেয়াদঃ ০১/০৩/২০২৫ থেকে ৩০/০৬/২০২৬ | সভায় জানানো হয় যে, প্রকল্পের অনুকূলে ২০২৪-২৫ অর্থবছরের আরএডিপিতে ১৭৯.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। ৩০ জুন, ২০২৫ পর্যন্ত ১.৮৩ লক্ষ টাকা ব্যয় হয়েছে, যা মোট বরাদ্দের ১.০২%।<br>প্রকল্প পরিচালক জানান যে, গত ২২ জুন অর্থ বিভাগ হতে প্রকল্পের অনুকূলে ৫৮.৩০ লক্ষ টাকা অবমুক্ত করা হয়। অর্থ বছরের শেষ সময়ে অর্থ ছাড় হওয়ায় ২০২৪-২৫ অর্থবছরে প্রকল্পের আর্থিক অগ্রগতি কম।<br>প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পের ৫টি কার্যক্রমের মধ্যে ১ম টি বাস্তবায়নে প্রকল্প এলাকা হিসেবে ঢাকার উত্তরা, মোহাম্মদপুর, রামপুরা ও ঢাকা বিশ্ববিদ্যালয়কে নির্বাচন করা হয়েছে। | ১. প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম দ্রুত শুরু করতে হবে;<br>২. প্রকল্পের কর্মপরিকল্পনা ও বার্ষিক ক্রয়পরিকল্পনা অনুযায়ী প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। | ১. উন্নয়ন, পরিকল্পনা ও পরিসংখ্যান অনুবিভাগ, মশিবিম।<br>২. প্রকল্প পরিচালক। |
| **(খ) মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্পসমূহ :** | | | | |
| ৬. | কিশোর কিশোরী ক্লাব স্থাপন<br>(১) প্রাক্কলিত ব্যয়ঃ মোট ৫৫১৫৬.০০ লক্ষ টাকা (সম্পূর্ণ জিওবি)<br>(২) মেয়াদঃ ০১/০৪/২০১৮-৩০/০৬/২০২৫ | প্রকল্প পরিচালক জানান যে, ২০২৪-২৫ অর্থবছরের আরএডিপিতে আলোচ্য প্রকল্পের অনুকূলে মোট বরাদ্দ ১০৭৭৩.০০ লক্ষ টাকার মধ্যে ৩০জুন ২০২৫ পর্যন্ত ৯২৭৩.০০ লক্ষ টাকা ব্যয় হয়েছে, যা মোট বরাদ্দের ৮৬.০৮%। প্রকল্প পরিচালক জানান, প্রকল্পটি | ১. ডিপিপি সংশোধনের কাজ ত্বরান্বিত করে দ্রুত পরিকল্পনা কমিশনে প্রেরণ করতে হবে। | ১. উন্নয়ন, পরিকল্পনা ও পরিসংখ্যান অনুবিভাগ, মশিবিম।<br>২. মহাপরিচালক, |

| ক্রঃ নং | প্রকল্পের নাম, প্রাক্কলিত ব্যয় ও বাস্তবায়নকাল | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ/দপ্তর |
|---|---|---|---|---|
| | | ৬৬৬২৭.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে মেয়াদ ৩০ জুন ২০২৬ পর্যন্ত (০১ বছর) বৃদ্ধির প্রস্তাব অনুমোদন করা হয়েছে। তবে কিছু কিছু খাতে ব্যয় সংশোধনপূর্বক বরাদ্দ যৌক্তিকভাবে নির্ধারণ করে ডিপিপি পুনর্গঠন করার জন্য একনেক কর্তৃক নির্দেশনা প্রদান করা হয়েছে।<br><br>ডিপিপি সংশোধনের কাজ ত্বরান্বিত করে দ্রুত পরিকল্পনা কমিশনে প্রেরণ করার জন্য সভাপতি নির্দেশ প্রদান করেন। | | মবিঅ।<br><br>৩. প্রকল্প পরিচালক। |
| ৭. | ২০টি শিশু দিবাযত্ন কেন্দ্র স্থাপন (১ম সংশোধিত)<br><br>(১) প্রাক্কলিত ব্যয়ঃ ৮৪৬১.০০ লক্ষ টাকা (সম্পূর্ণ জিওবি)<br><br>(২) মেয়াদঃ ০১/০৩/২০১৬-৩০/০৬/২০২৫ | প্রকল্পের প্রোগাম অফিসার জানান, ২০২৪-২৫ অর্থবছরের আরএডিপিতে আলোচ্য প্রকল্পের অনুকূলে মোট বরাদ্দ ১২০৬.০০ লক্ষ টাকার মধ্যে ৩০ জুন ২০২৫ পর্যন্ত ১০২২.২৩ লক্ষ টাকা ব্যয় হয়েছে, যা মোট বরাদ্দের ৮৪.৭৬%।<br><br>যেহেতু প্রকল্পটির মেয়াদ সমাপ্ত হচ্ছে সেক্ষেত্রে ডিপিপিতে অন্তর্ভুক্ত এক্সিট প্ল্যান সঠিকভাবে অনুসরণ করার জন্য এবং প্রকল্পের PCR জমা দেওয়ার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। | ১. নির্ধারিত সময় এর মধ্যে PCR জমা দিতে হবে;<br><br>২. ডিপিপিতে অন্তর্ভুক্ত এক্সিট প্ল্যান সঠিকভাবে অনুসরণ করতে হবে। | ১. উন্নয়ন, পরিকল্পনা ও পরিসংখ্যান অনুবিভাগ, মশিবিম।<br><br>২. মহাপরিচালক, মবিঅ।<br><br>৩. প্রকল্প পরিচালক। |
| ৮. | ইনভেস্টমেন্ট কম্পোনেন্ট ফর ভালনারেভেল গ্রুপ ডেভেলপমেন্ট (ICVGD) (২য় পর্যায়) (১ম সংশোধিত)<br><br>(১) প্রাক্কলিত ব্যয়ঃ মোট ৩২৭৭৩.৮৮ লক্ষ টাকা (জিওবি ৩০৯৯৮.৬৯ লক্ষ টাকা ও পি.এ- ১৭৭৫.১৯ লক্ষ টাকা, ডব্লিউএফপি)<br><br>(২) মেয়াদঃ ০১/০৭/২০১৮-৩০/০৬/২০২৫ | সভায় জানানো হয় যে, ২০২৪-২৫ অর্থবছরের আরএডিপিতে আলোচ্য প্রকল্পের অনুকূলে মোট বরাদ্দ ৪০৮৭.০০ লক্ষ টাকার মধ্যে ৩০ জুন, ২০২৫ পর্যন্ত ৩২৭৯.১১ লক্ষ টাকা ব্যয় হয়েছে, যা মোট বরাদ্দের ৮০.২৩%।<br><br>মহাপরিচালক জানান যে, প্রকল্পটি জুন ২০২৫ এ সমাপ্তির জন্য নির্ধারিত। ইতোমধ্যে প্রকল্পের অর্ন্তভুক্ত সম্পদের তালিকা চুড়ান্ত করা হয়েছে এবং PCR তৈরির কার্যক্রম চলমান আছে। তিনি আরো জানান যে, প্রকল্পটির কেস স্টাডির বিষয়ে হাইকোর্টে রিট চলমান আছে।<br><br>রিটের বস্তুনিষ্ঠ জবাব প্রস্তুত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। | ১. নির্ধারিত সময় এর মধ্যে PCR জমা দিতে হবে;<br><br>২. প্রকল্পটির কেস স্টাডির বিষয়ে হাইকোর্টে চলমান রিটের বস্তুনিষ্ঠ জবাব প্রস্তুত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. উন্নয়ন, পরিকল্পনা ও পরিসংখ্যান অনুবিভাগ, মশিবিম।<br><br>২. মহাপরিচালক, মবিঅ।<br><br>৩. প্রকল্প পরিচালক। |
| ৯. | উপকূলীয় জনগোষ্ঠীর বিশেষত নারীদের জলবায়ু পরিবর্তনজনিত লবণাক্ততা মোকাবেলায় অভিযোজন | প্রকল্প পরিচালক জানান যে, ২০২৪-২৫ অর্থবছরের আরএডিপিতে আলোচ্য প্রকল্পের অনুকূলে মোট বরাদ্দ ৬৮৫০.০০ লক্ষ টাকার মধ্যে ৩০ জুন, ২০২৫ পর্যন্ত ২১০৮.৭০ লক্ষ টাকা ব্যয় হয়েছে, যা | ১. প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম ত্বরান্বিত করতে হবে;<br><br>২. প্রকল্পের বার্ষিক কর্ম | ১. উন্নয়ন, পরিকল্পনা ও পরিসংখ্যান অনুবিভাগ, মশিবিম। |

| ক্রঃ নং | প্রকল্পের নাম, প্রাক্কলিত ব্যয় ও বাস্তবায়নকাল | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ/দপ্তর |
|---|---|---|---|---|
| | সক্ষমতা বৃদ্ধিকরণ<br><br>(১) প্রাক্কলিত ব্যয়ঃ ৩০০৮৩.৪১ লক্ষ (জিওবি ৬৭১৬.০০ প্রকল্প সাহায্য ২৩৩৬৭.৪১) টাকা (জিওবি ও গ্রীণ ক্লাইমেট ফান্ড)।<br><br>(২) মেয়াদঃ ০১/০১/২০১৯-৩০/০৬/২০২৬ | মোট বরাদ্দের ৩০.৭৮%।<br><br>গত ৩১ শে ডিসেম্বর ২০২৪ তারিখে উক্ত প্রকল্পের মেয়াদ সমাপ্ত হয়। পরবর্তীতে No Cost Extension হিসেবে গত ২২ এপ্রিল ২০২৫ তারিখে পরিকল্পনা কমিশনের আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ থেকে ৩০ শে জুন ২০২৬ পর্যন্ত সংশোধিত মেয়াদে প্রকল্পটি অনুমোদিত হয়। তৎপ্রেক্ষিতে গত ২০/০৫/২০২৫ তারিখে প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক প্রশাসনিক আদেশ জারী করা হয়। এক্ষেত্রে জানুয়ারী ২০২৫ হতে ০৪ (চার) মাসের অধিক সময় প্রকল্পের কার্যক্রম বিঘ্নিত হয়। ফলে প্রকল্পের অগ্রগতি কম হয়। | পরিকল্পনা ও বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুযায়ী সময়ভিত্তিক কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। | ২. মহাপরিচালক, মবিঅ।<br><br>৩. প্রকল্প পরিচালক। |
| ১০. | Accelerating Action to End Child Marriage in Bangladesh (২য় পর্যায়)<br><br>(১) প্রাক্কলিত ব্যয়: ১২৪৮.০০ লক্ষ টাকা (জিওবি ৪৬.০০ লক্ষ টাকা ও প্রকল্প সাহায্য ১২০২.০০ লক্ষ টাকা) (PA-UNFPA)।<br><br>(২) মেয়াদঃ ০১/০১/২০২৩-৩১/১২/২০২৫ | প্রকল্প পরিচালক জানান যে, ২০২৪-২৫ অর্থবছরের আরএডিপিতে আলোচ্য প্রকল্পের অনুকূলে মোট বরাদ্দ ৩৮৩.০০ লক্ষ টাকার মধ্যে ৩০ জুন, ২০২৫ পর্যন্ত ৩৫২.০৩ লক্ষ টাকা ব্যয় হয়েছে, যা মোট বরাদ্দের ৯১.৯১%।<br><br>প্রকল্পটি ৩১ ডিসেম্বর ২০২৫ তারিখে সমাপ্ত হবে। প্রকল্পটি যেহেতু বাল্যবিবাহ প্রতিরোধে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে তাই প্রকল্পের মেয়াদ ০২ বছর বৃদ্ধি এবং কার্যক্রম আরো অন্য জেলায় বিস্তৃত করে সংশোধিত টিএপিপি প্রণয়নের বিষয়ে সভাপতি মত প্রকাশ করেন। | ১. প্রকল্পের মেয়াদ ০২ বছর বৃদ্ধি এবং কার্যক্রম আরো অন্য জেলায় বিস্তৃত করে সংশোধিত টিএপিপি প্রণয়ন করতে হবে;<br><br>২. স্কুল পর্যায়ে বাল্য বিবাহবিরোধী প্রচারণা চালাতে হবে;<br><br>৩. সংশোধিত টিএপিপি অনুযায়ী প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম ত্বরান্বিত করতে হবে;<br><br>৪. প্রকল্পকে অধিকতর ফলপ্রসূ করার জন্য মনিটরিং কার্যক্রম জোরদার করতে হবে। | ১. উন্নয়ন, পরিকল্পনা ও পরিসংখ্যান অনুবিভাগ, মশিবিম।<br><br>২. মহাপরিচালক, মবিঅ।<br><br>৩. প্রকল্প পরিচালক। |
| ১১. | Promoting Rights and Advancement of Women and Girls to Prevent GBV Project<br><br>প্রাক্কলিত ব্যয় : ৮২৬.১৪ লক্ষ (জিওবি ১.১৪ লক্ষ টাকা এবং প্রকল্প সাহায্য ৮২৫.০০ লক্ষ টাকা) (জিওবি ও UNFPA)<br><br>(২) মেয়াদঃ ০১/১০/২০২৩-৩১/১২/২০২৬ | প্রকল্প পরিচালক জানান যে, ২০২৪-২৫ অর্থবছরের আরএডিপিতে আলোচ্য প্রকল্পের অনুকূলে মোট বরাদ্দ ২৯৯.০০ লক্ষ টাকার মধ্যে ৩০ জুন, ২০২৫ পর্যন্ত ৫৮.০৩ লক্ষ টাকা ব্যয় হয়েছে, যা মোট বরাদ্দের ১৯.৪১%।<br><br>UNFPA এর সাথে আলোচনাপূর্বক প্রকল্পের কার্যক্রম ত্বরান্বিত করার জন্য সভাপতি নির্দেশ প্রদান করেন। | ১. UNFPA এর সাথে আলোচনা পূর্বক প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম ত্বরান্বিত করতে হবে।<br><br>২. প্রকল্পকে অধিকতর ফলপ্রসূ করার জন্য মনিটরিং কার্যক্রম জোরদার করতে হবে। | ১. উন্নয়ন, পরিকল্পনা ও পরিসংখ্যান অনুবিভাগ, মশিবিম।<br><br>২. মহাপরিচালক, মবিঅ।<br><br>৩. প্রকল্প পরিচালক। |

| ক্রঃ নং | প্রকল্পের নাম, প্রাক্কলিত ব্যয় ও বাস্তবায়নকাল | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ/দপ্তর |
|---|---|---|---|---|
| ১২. | রাজবাড়ী জেলাধীন গোয়ালন্দ উপজেলার দৌলতদিয়ায় বয়স্ক নারী ও সুবিধাবঞ্চিত শিশুদের জন্য আবাসিক সুবিধা সৃষ্টি প্রকল্প<br>প্রাক্কলিত ব্যয় : ২২৫১.০০ লক্ষ টাকা (জিওবি: ১৮০০.০০ লক্ষ টাকা এবং সহযোগী সংস্থা উত্তরণ ফাউন্ডেশন: ৪৫১.০০ লক্ষ টাকা)<br>(২) মেয়াদঃ ০১/০১/২০২৪-৩১/১২/২০২৫ | প্রকল্প পরিচালক জানান, ২০২৪-২৫ অর্থবছরের আরএডিপিতে আলোচ্য প্রকল্পের অনুকূলে মোট বরাদ্দ ৯০০.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে যার মধ্যে ৩০ জুন, ২০২৫ পর্যন্ত কোনো অর্থ ব্যয় হয়নি।<br>প্রকল্প পরিচালক আরো জানান, সংশ্লিষ্ট এনজিও জমি হস্তান্তরের বিষয়ে অস্বীকৃতি জানিয়েছে।<br>আলোচনান্তে প্রকল্পটি বাতিল করার ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি নির্দেশ প্রদান করেন। | ১. প্রকল্পটি বাতিল করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. উন্নয়ন, পরিকল্পনা ও পরিসংখ্যান অনুবিভাগ, মশিবিম।<br>২. মহাপরিচালক, মবিঅ।<br>৩. প্রকল্প পরিচালক। |
| **(গ) জাতীয় মহিলা সংস্থা কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্পসমূহ:** | | | | |
| ১৩. | তথ্য আপাঃ তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে নারীদের ক্ষমতায়ন (২য় পর্যায়) (২য় সংশোধিত)<br>(১) প্রাক্কলিত ব্যয়ঃ মোট ৬০৩২১.৭৫ লক্ষ টাকা (সম্পূর্ণ জিওবি)<br>(২) মেয়াদঃ ০১/০৪/২০১৭-৩০/০৬/২০২৫ | প্রকল্প পরিচালক জানান যে, ২০২৪-২৫ অর্থবছরের আরএডিপিতে আলোচ্য প্রকল্পের অনুকূলে মোট বরাদ্দ ১০৭৮১.০০ লক্ষ টাকার মধ্যে ৩০ জুন, ২০২৫ পর্যন্ত ৬৭১১.৩৩ লক্ষ টাকা ব্যয় হয়েছে, যা মোট বরাদ্দের ৬২.২৫%। তিনি আরো জানান যে, পরিকল্পনা কমিশন থেকে প্রকল্পটির ৩য় সংশোধনের কার্যক্রম চলমান রয়েছে। গত ২৬/০৬/২০২৫ তারিখে PEC সভা অনুষ্ঠিত হয়েছে এবং উক্ত সভায় প্রকল্পে মেয়াদ বৃদ্ধি ও বরাদ্দের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়েছে বলে প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন। | ১. প্রকল্পটির ৩য় সংশোধনের করার জন্য পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ করতে হবে;<br>২. প্রকল্পকে অধিকতর ফলপ্রসূ করার জন্য মনিটরিং কার্যক্রম জোরদার করতে হবে; | ১. উন্নয়ন, পরিকল্পনা ও পরিসংখ্যান অনুবিভাগ, মশিবিম।<br>২. নির্বাহী পরিচালক, জামস।<br>৩. প্রকল্প পরিচালক। |
| ১৪. | তৃণমূল পর্যায়ে অর্থনৈতিক ক্ষমতায়নে নারী উদ্যোক্তাদের বিকাশ সাধন<br>প্রাক্কলিত ব্যয় : ৪২৭৯৭.৭৮ লক্ষ টাকা (সম্পূর্ণ জিওবি)<br>(২) মেয়াদঃ ০১/০১/২০২১ -৩১/১২/২০২৫ | প্রকল্প পরিচালক জানান যে, ২০২৪-২৫ অর্থবছরের আরএডিপিতে আলোচ্য প্রকল্পের অনুকূলে মোট বরাদ্দ ১০৪২৮.০০ লক্ষ টাকার মধ্যে ৩০ জুন, ২০২৫ পর্যন্ত ১০৩২৩.০৩ লক্ষ টাকা ব্যয় হয়েছে, যা মোট বরাদ্দের ৯৮.৯৯%। | ১. সরেজমিন পরিদর্শনসহ ই-মনিটরিং জোরদার করতে হবে। | ১. উন্নয়ন, পরিকল্পনা ও পরিসংখ্যান অনুবিভাগ, মশিবিম।<br>২. নির্বাহী পরিচালক, জামস।<br>৩. প্রকল্প পরিচালক। |
| **(ঘ) বাংলাদেশ শিশু একাডেমি কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্প** | | | | |
| ১৫. | সমাজভিত্তিক সমন্বিত শিশু-যত্ন কেন্দ্রের মাধ্যমে শিশুদের প্রারম্ভিক বিকাশ ও সুরক্ষা এবং সাঁতার সুবিধা<br>(১) প্রাক্কলিত ব্যয়ঃ ৩০৪৩০.৫৭ | প্রকল্প পরিচালক জানান যে, ২০২৪-২৫ অর্থবছরের আরএডিপিতে আলোচ্য প্রকল্পের অনুকূলে মোট বরাদ্দ ৮৩২২.০০ লক্ষ টাকার মধ্যে ৩০ জুন, ২০২৫ পর্যন্ত ৭৬৭৬.৯৫ লক্ষ টাকা ব্যয় হয়েছে, যা মোট বরাদ্দের ৯২.২৫%। | ১. পরবর্তী পর্যায়ে প্রকল্প গ্রহণের জন্য দাতা সংস্থা ও ডোনার ফান্ড নির্বাচনের বিষয়ে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (ইআরডি) এর সাথে যোগাযোগ করতে হবে; | ১. উন্নয়ন, পরিকল্পনা ও পরিসংখ্যান অনুবিভাগ, মশিবিম।<br>২. মহাপরিচালক, |

| ক্রঃ নং | প্রকল্পের নাম, প্রাক্কলিত ব্যয় ও বাস্তবায়নকাল | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ/দপ্তর |
|---|---|---|---|---|
| | লক্ষ টাকা (জিওবি-২৫০০৯.৮৭ লক্ষ টাকা ও প্রকল্প সাহায্য ৫৪২০.৭৩ লক্ষ টাকা) ব্লুমবার্গ ফিলানথ্রোপিজ, (RNLI)<br>(২) মেয়াদঃ ০১/০১/২০২২-৩১/১২/২০২৫ | পরবর্তী পর্যায়ে প্রকল্প গ্রহণের জন্য দাতা সংস্থা ও ডোনার ফান্ড নির্বাচনের বিষয়ে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (ইআরডি) এর সাথে যোগাযোগ করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। | ২. প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম ত্বরান্বিত করতে হবে। | বাশিএ।<br>৩. প্রকল্প পরিচালক। |
| **(ঙ) জয়িতা ফাউন্ডেশন (জে.এফ) কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্পসমূহ:** | | | | |
| ১৬. | জয়িতা ফাউন্ডেশনের সক্ষমতা বিনির্মাণ (১ম সংশোধিত)<br>(১) প্রাক্কলিত ব্যয়ঃ মোট ২৬২৯৯.৪৫ লক্ষ টাকা (সম্পূর্ণ জিওবি)<br>(২) মেয়াদঃ ০১/০১/২০১৯-৩১/১২/২০২৪ | প্রকল্প পর্যালোচনায় দেখা যায়, আলোচ্য প্রকল্পটি ৩১ ডিসেম্বর ২০২৪ তারিখে সমাপ্ত হয়েছে। প্রকল্প সমাপ্ত প্রতিবেদনের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ১. প্রকল্প সমাপ্ত প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | ১. উন্নয়ন, পরিকল্পনা ও পরিসংখ্যান অনুবিভাগ, মশিবিম।<br>২. ব্যবস্থাপনা পরিচালক, জফা। |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্তঃ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ/দপ্তর |
|---|---|---|---|---|
| ১. | বিবিধ | ২০২৫-২০২৬ অর্থ বছরের এডিপি বরাদ্দের শতভাগ লক্ষ্যমাত্রা অর্জনের জন্য ক্রয়পরিকল্পনা ও কর্মপরিকল্পনা প্রণয়নপূর্বক ৩১ জুলাই, ২০২৫ এর মধ্যে অনুমোদন করে ওয়েবসাইটে প্রকাশ ও বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগে প্রেরণের বিষয়ে সভায় আলোচনা করা হয়।<br>এছাড়া, সবুজ পাতায় অন্তর্ভুক্ত প্রকল্পসমূহের অগ্রগতি পরবর্তী সভার আলোচনা এবং কার্যবিবরণীতে উল্লেখ করার বিষয়ে সভাপতি নির্দেশনা প্রদান করেন।<br>দেশের বড় বড় স্থাপনাগুলোতে ডে-কেয়ার সেন্টার স্থাপনের জন্য এবং স্থাপত্য অধিদপ্তরের ডিজাইনে দেশের বড় স্থাপনাগুলোতে ডে-কেয়ার সেন্টার অন্তর্ভুক্ত করার জন্য সভায় আলোচনা করা হয়।<br>Electronic Government Procurement (e-GP) system এ ইউজার আইডি ও পাসওয়ার্ড তৈরির জন্য সভায় আলোচনা হয়।<br>এছাড়া, গণপূর্ত অধিদপ্তর এর নিকট থেকে জয়িতা টাওয়ার বুঝে নেয়ার জন্য | ১. ২০২৫-২০২৬ অর্থ বছরের এডিপি বরাদ্দের শতভাগ লক্ষ্যমাত্রা অর্জনের জন্য ক্রয়পরিকল্পনা ও কর্মপরিকল্পনা প্রণয়নপূর্বক ৩১ জুলাই, ২০২৫ এর মধ্যে অনুমোদন করে ওয়েবসাইটে প্রকাশ ও বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;<br>২. সবুজ পাতায় অন্তর্ভুক্ত প্রকল্পসমূহের অগ্রগতি পরবর্তী সভার আলোচনা এবং কার্যবিবরণীতে উল্লেখ করতে হবে;<br>৩. Electronic Government Procurement (e-GP) system এ ইউজার আইডি ও পাসওয়ার্ড তৈরির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;<br>৪. দেশের বড় বড় স্থাপনাগুলোতে ডে-কেয়ার সেন্টার স্থাপনের জন্য শিশু ও সমন্বয় শাখা হতে কার্যক্রম গ্রহণ করতে হবে;<br>৪. স্থাপত্য অধিদপ্তর কর্তৃক বড় স্থাপনাগুলোর ডিজাইনে ডে-কেয়ার সেন্টার অন্তর্ভুক্ত করার ব্যবস্থা গ্রহণ করতে হবে;<br>৫. সদ্য সমাপ্তকৃত জয়িতা টাওয়ার গণপূর্ত অধিদপ্তর এর নিকট থেকে যথাযথভাবে গ্রহণের জন্য জয়িতা ফাউন্ডেশনকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে; | ১. উন্নয়ন, পরিকল্পনা ও পরিসংখ্যান অনুবিভাগ, মশিবিম।<br>২. শিশু ও সমন্বয় অধিশাখা, মশিবিম।<br>২. সংস্থা প্রধান ও সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকগণ। |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্তঃ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ/দপ্তর |
|---|---|---|---|---|
| | | সভায় আলোচনা করা হয়।<br>এছাড়াও, "মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের ৬০টি ডে-কেয়ার সেন্টার স্থাপন" শীর্ষক প্রকল্পে সদ্য সমাপ্ত "২০টি শিশু দিবাযত্ন কেন্দ্র স্থাপন" প্রকল্পের ডে-কেয়ার সেন্টারগুলো প্রতিস্থাপন করার বিষয়ে সভায় আলোচিনা করা হয়। | ৬. সরেজমিন পরিদর্শনসহ ই-মনিটরিং জোরদারকরণ করতে হবে;<br>৭. "মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের ৬০টি ডে-কেয়ার সেন্টার স্থাপন" শীর্ষক প্রকল্পে সদ্য সমাপ্ত "২০টি শিশু দিবাযত্ন কেন্দ্র স্থাপন" প্রকল্পের ডে-কেয়ার সেন্টারগুলো প্রতিস্থাপন করার বিষয়ে পরিকল্পনা কমিশনের সাথে নিবিড় যোগাযোগ করতে হবে। | |

০৪. পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মমতাজ আহমেদ এনডিসি
সিনিয়র সচিব
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

মমতাজ আহমেদ এনডিসি
সিনিয়র সচিব
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার